১৬ পাতার সংখ্যা
দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

www.karmosangsthan.com

Vol. 35 ■ Issue No. 23 ■ 4th June 2022 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

আপনি কি সফল ও প্রতিষ্ঠিত ব্যবসায়ী হতে চান?
তাহলে কম খরচে ফার্মেসি কোর্স করে ওষুধের দোকান খুলুন,
15 বছর ধরে আমরাই আছি আপনাদের সেবায় ও সহযোগিতায়

HALDAR GROUP
WB GOVT. REG. No. : IV-1903-00118/2022
ISO 9001:2008 Certified
হেড অফিস : সোনারপুর, কলকাতা- ৭০০১৫০

D.Pharm | BA·MA·B.Sc. | B.Ed.·D.El.Ed. | LLB
B.Pharm | M.Sc.·B.Com. | M.Ed.·B.P.Ed. | LLM

www.haldargroup.org | 9748023586 / 6290233645

# কলকাতা পুলিশে ১,৬৬৬ কনস্টেবল ও লেডি কনস্টেবল

**মাধ্যমিক ছেলেমেয়ের জন্য**

**নিজস্ব সংবাদদাতা :** কলকাতা পুলিশে 'কনস্টেবল' ও 'লেডি কনস্টেবল' পদে ১,৬৬৬ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে।

রাজ্য সরকার বা, কেন্দ্রীয় সরকার স্বীকৃত কোনো পর্ষদ থেকে মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। উচ্চশিক্ষাগত যোগ্যতার প্রার্থীরাও আবেদনের যোগ্য। বাংলা ভাষায় লিখতে, বলতে ও পড়তে জানতে হবে। তবে দার্জিলিং সাব-ডিভিশন ও কালিম্পং জেলার পার্বত্য এলাকার প্রার্থীদের বেলায় বাংলা না জানলেও হবে। সেক্ষেত্রে তাঁদের বেলায় সেখানকার অফিসিয়াল ভাষা জানতে হবে। সব ক্ষেত্রে বয়স হতে হবে ১-১-২০২২'এর হিসাবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর বয়সে ছাড় পাবেন। হোম গার্ডে কর্মরত প্রার্থীরা সরকারি নিয়মানুযায়ী বয়সে

☞ এরপর ৮ পাতায়

নিশ্চিত সাফল্যের জন্য যোগাযোগ করুন
পশ্চিমবঙ্গ পুলিশ / KP
(কনস্টেবল, সাব-ইন্সপেক্টর)
Excise কনস্টেবল, সেনাবাহিনী, আর্টবাহিনী
FAST TRACK
বারাসাত ● নলহাটি ● কাটোয়া
M : 9433327850

# রাজ্য পুলিশে ২,০২০ মহিলা কনস্টেবল

## শিগগিরই বিজ্ঞপ্তি বেরোচ্ছে

**নিজস্ব সংবাদদাতা :** মহিলাদের নিরাপত্তা ব্যবস্থা আরো জোরদার করতে রাজ্য সরকার মহিলা পুলিশ নিয়োগ করতে চলেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানান, মহিলারা আরো বেশি করে পুলিশ ফোর্সে আসুক। ছেলেদের সমান মহিলারাও পুলিশে যাতে ভালো কাজ করতে পারে তার জন্য আরো বেশি মহিলা পুলিশ নিয়োগ করা হবে। রাজ্য পুলিশে ২,০২০ জন নতুন মহিলা পুলিশ নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এর মধ্যে উইনার্স বাহিনীতে নিয়োগ করা হবে ১,৪৬০ জন মহিলা প্রার্থীকে। ৬০০ জনকে নিয়োগ করা হবে গোয়েন্দা বাহিনীতে। এছাড়াও জঙ্গলমহলে ১০৫ জন মহিলা হোম গার্ড নেওয়া হবে। মহিলাদের নিরাপত্তার জন্য মহিলা ব্যাটেলিয়ন আগেই তৈরি হয়েছে।

☞ এরপর ১২ পাতায়

২০২২ সালের WBCS প্রিলি পরীক্ষা হবে ১৯ জুন। সম্প্রতি WBCS-এ সফল হওয়া আধিকারিকদের তৈরি করা প্রিলি ও মেন পরীক্ষার স্টাডি মেটেরিয়াল পেতে যোগাযোগ করুন
9830624170

### সবিনয় নিবেদন

নিউজপ্রিন্ট রিলের দাম প্রায় দ্বিগুণ হওয়া আর ছাপার প্লেট, কালি ও পরিবহণ খরচ সাধ্যাতিরিক্ত হওয়ায় এই সংখ্যা থেকে **কর্মসংস্থান** পত্রিকার দাম ৫ টাকা করা হল। তবে নিউজপ্রিন্টের দাম কমলেই ফের পুরোনো দাম হবে। — সম্পাদক, কর্মসংস্থান

# ইন্ডিয়ান ব্যাঙ্কে ১৫০ অফিসার

**নিজস্ব সংবাদদাতা :** ইন্ডিয়ান ব্যাঙ্ক 'অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অফিসার)' পদে ১৫০ জন লোক নিচ্ছে।

মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, কেমিক্যাল, টেক্সটাইল, প্রোডাকশন বা, সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০২২'এর হিসাবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শুরুতে ২ বছর প্রবেশনে থাকতে হবে। মূল মাইনে ৩৬,০০০-৬৩,৮৪০ টাকা। শূন্যপদ : ১৫০টি (জেনাঃ ৬০, ও.বি.সি. ৪০, ই.ডব্লু.এস. ১৫, তঃজাঃ ২২, তঃউঃজাঃ ১৩)। এর মধ্যে প্রতিবন্ধী ৭।

☞ এরপর ৮ পাতায়

# রেলে ৩,৬১২ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা :** পশ্চিম রেলের বিভিন্ন ডিভিশন 'অ্যাপ্রেন্টিস' হিসাবে ৩,৬১২ জন লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব ট্রেডে : ফিটার, ওয়েল্ডার, টার্নার, মেশিনিস্ট, কার্পেন্টার, ইলেক্ট্রিশিয়ান, পেইন্টার, মেকানিক (ডিজেল), মেকানিক মোটর ভেহিক্যাল, ইলেক্ট্রনিক মেকানিক, ওয়্যারম্যান, রেফ্রিজারেশন (এ.সি.-মেকানিক), পাইপ ফিটার, প্লাম্বার, ড্রাফটসম্যান (সিভিল), পি.এ.এস.এস.এ., স্টেনোগ্রাফার, মেশিনিস্ট। কারা কোন ট্রেডের জন্য যোগ্য।

কোনো স্বীকৃত পর্ষদ বা, বিশ্ববিদ্যালয় থেকে মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশ ছেলেরা এন.সি.ভি.টি.'র অনুমোদিত আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন। ওপরের ওইসব

☞ এরপর ১২ পাতায়



DR K R ADHIKARY
COLLEGE OF OPTOMETRY & PARAMEDICAL TECHNOLOGY
ISO 9001 : 2015 Certified & ISO 29990:2010 Certified
Established at 2003 with Affiliation to
UNIVERSITY OF KALYANI
All Courses are Job Oriented and Self Employed
PROFESSIONAL COURSES
2 Years + 6 Months Internship
Admission going on
D.O.S. & O.T. (Diploma in Optometrical Science and Ophthalmic Technique)
D.E.C.G. & P.FT. (Diploma in Electrocardiography and Pulmonary Function Test)
D.P.A & E.D. (Diploma in Physician Assistant and Essential Drug)
D.D.T. & O.H. (Diploma in Dental Technology and Oral Hygiene)
D.M.L.T. (Diploma in Medical Laboratory Technique)
D.M.R.T. (Diploma in Medical Radiology Technique)
D.P.T. (Diploma in Physiotherapy Technique)
Eligibility : H.S. (10 + 2 Science) Other than Science Students compulsory One year Pre-Optometry and Pre-Technology (Bridge Course)



20 Years of Excellence in Paramedical Education
1 Year A.D.C.L.P. (Advance Diploma in Contact Lens Practice)
Eligibility : Bachelor or Diploma in Optometry
1 Year + 6 Months Internship
C.C.M.S. & E.D. (Certificate in Community Medical Service and Essential Drug)
C.S.I. (Certificate in Sanitary Inspection)
C.B.P.N. (Certificate in Basic Practical Nursing)
Eligibility : Madhyamik
Kalyani WEBEL IT PARK, Phase-II
(Government of West Bengal)
Kalyani-Barrackpore Express Way, Opposite to Water Treatment Plant, Near Buddha Park, Kalyani, Nadia
Website : www.kradikarycollege.org
For Admission Contact:
9339218894, 9477425536, 8100149510

# ICDS সুপারভাইজর পদের ইন্টারভিউ শুরু ২৫ জুলাই

## ফল বেরোবে এসপ্তাহেই

**রঞ্জিৎ ঘোষ, কলকাতা :** পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে ২০১৯ সালের আই.সি.ডি.এস. সুপারভাইজার পদের যে মেন পরীক্ষা হয়েছিল, তার ফল এ মাসেই বেরোবে। পি.এস.সি. কর্তৃপক্ষ এক বিজ্ঞপ্তিতে জানায়, আই.সি.ডি.এস. সুপারভাইজর পদের মেন পরীক্ষার ফল এ মাসের মাঝামাঝি বেরোবে। অনলাইন ভেরিফিকেশন শুরু হবে ১ জুলাই থেকে। ইন্টারভিউ শুরু হবে ২৫ জুলাই থেকে।

পশ্চিমবঙ্গ সরকার আই.সি.ডি.এস. প্রকল্পে কাজের জন্য মোট ৩,৩৭৬টি নতুন পদ তৈরি

☞ এরপর ৮ পাতায়

**ভেতরের পাতায় আছে :**

- ডব্লু.বি.সি.এস প্রিলি. পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
- হেড কোয়ার্টার্স ইস্টার্ণ কমান্ডে ১৬ অপারেটর

# ৩ জেলায় ৩৫৭ আশা কর্মী

**নিজস্ব সংবাদদাতা :** জাতীয় গ্রামীণ স্বাস্থ্য মিশনের অধীন নদিয়া জেলার চাকদহ ব্লক, হরিণঘাটা ব্লক, কল্যাণী ব্লক, উত্তর ২৪ পরগনা জেলার বারাসাত মহকুমার অধীন বিভিন্ন

☞ এরপর ২ পাতায়

# বি.এস.এফ'এ ২৮১ হেড কনস্টেবল

**নিজস্ব সংবাদদাতা :** কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রকের অধীন ডিরেক্টরেট জেনারেল বর্ডার সিকিউরিটি ফোর্স 'হেড কনস্টেবল (মাস্টার)', 'সাব-ইন্সপেক্টর (মাস্টার)', 'হেড

☞ এরপর ১০ পাতায়

RIKVED INDIA FOUNDATION
যুগের সাথে তাল মিলিয়ে পড়তে হবে না হলে নিজের ব্যর্থতায় অন্যকে দোষ দিতে হবে



DIPLOMA, DEGREE IN HOSPITALITY MANAGEMENT
● নিজস্ব ৩৫০ বেডের হসপিটাল।
● অল্প খরচে ব্যাঙ্ক লোনের মাধ্যমে নার্সিং পড়ুন।
● ভর্তির শুরু থেকে চাকরি পাওয়া পর্যন্ত প্রতিটি ছাত্রছাত্রীর উজ্জ্বল ভবিষ্যৎ গড়ে তোলার দায়িত্ব আমাদের।
পশ্চিমবঙ্গ
ওড়িশা
ব্যাঙ্গালোর
নার্সিং
GNM
B.Sc Nursing
B.Pharma ✶ D.Pharma ✶ Pharm D ✶ M Pharma
MBBS & BDS (India Abroad)
বিঃ দ্রঃ - উল্লিখিত সমস্ত কোর্সে ভর্তির জন্য 100% লোনে ব্যবস্থা করা হয়।
7605829099
6295871622
Panskura Banamali College More, Near By - Panskura Railway Stn. Purba Medinipur-721152

### কেন্দ্রীয় সরকারের ন্যাশনাল অ্যাপ্রেন্টিস ট্রেনিং স্কিমের উদ্যোগে

# আর্টস, সায়েন্স, কমার্স গ্র্যাজুয়েটদের স্টাইপেন্ড দিয়ে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

**রঞ্জিৎ ঘোষ, কলকাতা :** কলেজ বা, বিশ্ববিদ্যালয়ের পড়া শেষ করে সরাসরি চাকরি পাওয়ার দিন প্রায় শেষ। কোনো সরকারি বা, বেসরকারি সংস্থায় চাকরির জন্য দরকার সংশ্লিষ্ট বিষয়ের ওপর পর্যাপ্ত জ্ঞান, দক্ষতা ও সফট স্কিল। এগুলি না থাকলে আজকের দিনে চাকরি পাওয়া খুবই দুঃসাধ্য। এজন্যই যে কোনো শাখার গ্র্যাজুয়েট, ডিপ্লোমা, বি.ই. বা, বি.টেক. পাশ

☞ এরপর ৮ পাতায়


পশ্চিমবঙ্গের সুনামধন্য ম্যানেজমেন্ট কলেজ
TIEM®
The Institute of Education & Management
AN ISO 9001-2015 Certified
Recognition By HRAEI
Govt.Reg.: S/2L/No. 33016
Course Approved by Govt. of India
Reg. with MSME Govt of India
আর্থিকভাবে দুর্বল student দের নিজের রোজগারে ভবিষ্যত গড়ে তোলার সুবর্ণ সুযোগ
Hotel &
Holpitality Management
● ভর্ত্তির শুরু থেকে চাকরি পাওয়া পর্যন্ত প্রতিটি ছাত্রছাত্রীর উজ্জ্বল ভবিষ্যৎ গড়ে তোলার দায়িত্ব আমাদের।
কেন TIEM-এ ভর্তি হবেন?
❖ ভর্তির সময় Job bond Letter. ❖ Bank Loan-এর ব্যবস্থা ও চাকরি পাওয়ার পর পরিশোধ করার সুবিধা। ❖ Installment এ Course Feeদেওয়ার সুবিধা। ❖ নুন্যতম Course Fees এবং অফুরন্ত সুযোগ। ❖ Fully AC Campus. ❖ wi-fi connectivity. ❖ Free Separate Hostel facilities for Girls & Boys. ❖ Regular Industry visit. ❖ Concession for SC/ST/OBC/Girls ❖ Books & Uniform Free.
Our Prime Recruiter
IndiGo
TAJ
WESTIN
HYATT REGENCY
NOVOTEL
JW MARRIOTT
Radisson
Holiday Inn
THE DEN
SAYAJI
RAMADA
ITC HOTELS
FOUR POINTS BY SHERATON
কোর্স করলেই চাকরি
Admission Open For-2022
সেরার স্বীকৃতি
ভারতের সর্বাধিক প্রচারিত সাপ্তাহিক
কর্মসংস্থান-এর
বিচারে ২০১৯ সালের
PLACEMENT CATEGORY-তে
সেরা হোটেল
ম্যানেজমেন্ট কলেজ
TIEM
EDUCATION EXCELLENCE 2020
Education Excellence 2020 সেরার স্বীকৃতি
ZEE ২৪ ঘণ্টা
Education Excellence 2021 সেরার স্বীকৃতি
NEWS 18
Education Excellence 2022 সেরার স্বীকৃতি
কোর্স করতে করতে 8000/-থেকে 12000/- টাকা Income-এর সুযোগ
TIEM থেকে পাশ করা কিছু কর্মরত ছাত্র-ছাত্রী
Ruma Guchait
F&B Service
Fairfield by Marriott
Bengaluru
Binita Roy Bhowmik
Front Office
Shangri-La Bengaluru
Bengaluru
Priyanka Gomes
Guest Relation Executive
Taj Dubai
United Arab Emirates
Suchanda Guha
Front Office Assistant
Staybridge Suites, Dubai International, Dubai
United Arab Emirates
Rahul Middya
F & B Executive
Hilton Garden INN, Muscat
Oman
Rajat Karmakar
Commis-II
Life With Cacao, Riyadh
Kingdom of Saudi Arabia
Debnath Samanta
F&B Service.
Novotel, Kolkata.
Rajdeep Chatterjee
Commis-I
Four Points By Sheraton
Kuwait
Ashim De
F & B Executive
Double Tree By Hilton
Gurgaon
Navjeet Kumar
Commis-I
Radisson Blu Hotel water Front, Dubai
United Arab Emirates
Samrat Chakraborty
Bartender
Courtyard By Marriott
Bengaluru
Bidyutlata Manna
F&B Service,
Gokulam Grand
Bengaluru.
Prabhat Ghosh
F&B Service
Gokulam Grand
Bengaluru
Gourab Chakraborty
F & B Executive
JW Marroitt, Kulalumpur
Malaysia
Narayan Ghorai
Pastry Chif
Al Baz, Abudhabi
United Arab Emirates
Kamaruzzaman Sk
Room Attendant
JW Marroitt Marquis, Dubai
United Arab Emirates
Our International Placement Assistance:
Dubai, Malaysia, Singapore, Thailand, Qatar, U.K, etc.
Scholarship is Available
Till 15th Jun 2022
1 Year Course ✓
2 Years Course ✓
3 Years Course ✓
Admission Office
Hospital More, Tamluk
Purba medinipur-721636
6289638534/7548027134
STUDENT
Kolkata Campus
6, Seal's Graden Lane
Kolkata-700 002
9002469602/8697588002
www.tiem.co.in

## পি.এস.সি.'র ইন্টারভিউ

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের বিজ্ঞপ্তি নং ৮/২০২০'এর ইন্সপেক্টর অফ লিগ্যাল মেট্রোলজি পদের ইন্টারভিউ হবে ৬, ৭ ও ৮ জুন। মনোনীত প্রার্থীদের তালিকা ও অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.wbpsc.gov.in

সরকারি চাকরী পেতে চাও?
প্রজ্ঞা-য় চলে এসো
W.B.C.S | WBSSC & TET | SSC CGL & CHSL | ALL PSC EXAM
Taramoni Memorial Building, Hijalpukuria, Habra
North 24 Parganas (Beside Habra Municipality)
M: 9593601807, 8967065857, 9002490487

লোন-লোন- নার্সিং পড়ার লোন
স্টুডেন্ট ক্রেডিট কার্ডে লোন না হলেও চিন্তা নেই — আমরা ভারত সরকারের 'স্কিল ইন্ডিয়া' যোজনায় গ্যারান্টি সহকারে লোনের ব্যবস্থা করি
GNM নার্সিং, B.Sc নার্সিং, B.Sc প্যারামেডিক্যাল, B. Pharma/D.Pharm, সরাসরি ভর্তি চলছে
ব্যাঙ্গালোরে পড়ানো হয়



■ দি অক্সফোর্ড মেডিক্যাল কলেজ
■ MVJ মেডিক্যাল কলেজ
■ ইস্ট ওয়েস্ট নার্সিং কলেজ
■ রয়্যাল স্কুল অফ নার্সিং
■ সেন্ট জর্জ নার্সিং কলেজ
■ কে. টি. জে নার্সিং কলেজ
■ S.E.A কলেজ অফ নার্সিং
যোগাযোগ :- ডঃ অশোক সেন
নার্সিং ওয়ার্ল্ড কল্যাণী / কলকাতা
Ph. : 7596840256 / 8105015363
■ ভুয়ো কলেজে ভর্তি হবেন না।
■ অনেক এজেন্ট লোন করতে পারে না। তাই ভুয়ো এজেন্টের ফাঁদে পড়বেন না।

## মাধ্যমিক পাশে কলকাতা পুলিশে ১৬৬৬

**পারমিতা মিত্র, কলকাতা :** শুধুমাত্র মাধ্যমিক পাশ যোগ্যতায় ২০-২৭ বছর বয়সি ছেলেমেয়েরা ২৭ জুনের মধ্যে পশ্চিমবঙ্গপুলিশের ১৪১০টি পুরুষ কনস্টেবল ও ২৫৬টি মহিলা কনস্টেবল পদে আবেদন করতে পারেন। আর উচ্চমাধ্যমিক পাশ যোগ্যতায় কেন্দ্রীয় সরকারের মিনিস্টেরিয়াল দফতরে ৮৫৩টি হেড কনস্টেবল পদে ১৬ জুনের মধ্যে আবেদন করা যাবে। কলকাতা পুলিশও সাব-ইন্সপেক্টর, সার্জেন্ট পদে স্নাতক যোগ্যতায় প্রার্থী নিয়োগের বিজ্ঞপ্তি বের করবে। SSC সিলেকশন পোস্ট পরীক্ষার মাধ্যমে ২০৬৫টি শূন্যপদে মাধ্যমিক থেকে স্নাতকোত্তর যোগ্যতায় প্রার্থী নেবে। UPSC স্নাতক যোগ্যতায় কম্বাইন্ড ডিফেন্স সার্ভিস পরীক্ষার মাধ্যমে ৩৩৯টি, উচ্চমাধ্যমিক যোগ্যতায় ন্যাশনাল ডিফেন্স আকাদেমি ও নাভাল আকাদেমিতে ৪০০টি আর ড্রাগ ইন্সপেক্টর, ডিরেক্টর, সায়েন্টিস্ট পদে প্রায় ২০৬টি শূন্যপদে নিয়োগ করবে। জর্জ টেলিগ্রাফের 'GSCE (জর্জ স্কুল অফ কম্পিটিটিভ এক্সামস)' পড়ুয়াদের বরাবরই আশ্বাস দিয়েছে, পরিস্থিতি যাই হোক কেন্দ্রীয় বা রাজ্য সরকার তাদের নিজস্ব প্রয়োজনে খালি পদ পূরণের খাতিরে প্রার্থী নিয়োগ করবেই। এরমধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য ১৯ জুন ডব্লুবিসিএস প্রিলিমিনারি পরীক্ষা। এদিকে, ৬ বছর পর রাজ্যে SSC-র মাধ্যমে শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি বেরিয়েছে। সব মিলিয়ে ২০ হাজারের ওপর শূন্যপদে SLST নবম-দশম ও একাদশ-দ্বাদশ শ্রেণির সহকারী শিক্ষক-শিক্ষিকা নিয়োগ হবে। এরসঙ্গে প্রধান শিক্ষক-প্রধান শিক্ষিকার প্রচুর শূন্যপদও রয়েছে। আগের তুলনায় আরো ৫,২৬১টি শূন্যপদ বাড়ানো হয়েছে। শারীরশিক্ষা ও কর্মশিক্ষা বিভাগে ৮৫০টি ও ৭৫০টি নতুন পদ রয়েছে। খুব শিগগিরই এইসব পরীক্ষার তারিখ, আবেদন পদ্ধতি ও সময়সীমা জানানো হবে। westbengalssc.com ওয়েবসাইটের মাধ্যমে আবেদন নেওয়া হবে। অফলাইনে আবেদন নেওয়া হবে না।

প্রতিটি পরীক্ষা পদ্ধতি একে অপরের থেকে আলাদা। তাই বুদ্ধি ও সঠিক গাইডেন্স সহযোগে প্রস্তুতি নিতে হবে। পরীক্ষার হলকে ফেস করার মানসিক প্রস্তুতি, শর্টকাট টেকনিক প্রয়োগের মাধ্যমে ১০০% সঠিক উত্তর দেওয়া ও ইন্টারভিউ ক্র্যাক করার ইউনিক গাইডেন্স একমাত্র 'GSCE'ই দিতে পারে। এখানে পড়লে চাকরির পরীক্ষায় ১০০% নির্ভরযোগ্য প্রশ্নোত্তরের সেট পাবেন যা আপনাকে সহজে পরীক্ষায় উত্তীর্ণ হতে সাহায্য করবে। সন্তানের নিশ্চিত ভবিষ্যৎ গড়তে অভিভাবকরা আপনাদের নিকটবর্তী 'GSCE' কেন্দ্রে আসুন ও সেখানকার কাউন্সিলরদের সঙ্গে কথা বলুন ও কোর্স ফি-তে আকর্ষণীয় ছাড় পান।

'GSCE'র প্রতিটি কেন্দ্রের নাম ও ফোন নম্বর দেওয়া হল। বিশদে জানতে ফোন করুন এই নম্বরে : ৯৮৩০২৭৭১০০ / ২০০/৩০০ অথবা আপনার বাড়ির কাছে 'GSCE' শিক্ষাকেন্দ্রে সরাসরি যোগাযোগ করুন — শিয়ালদহ (হেড অফিস) : ৯৬৭৪০৮৭৪৬৫, ৯০৫১০৪০৩০৬, কোচবিহার : ৯৮৩০২৭৭০২৩, আলিপুরদুয়ার : ৯৬৭৪০৩৩৩৩৬, দিনহাটা : ৯৮৩০২৭৭৬৯৮, জলপাইগুড়ি : ৯৬৭৪০২৫৬০০, ধূপগুড়ি : ৯৮৩০২৭৭২৫৭, শিলিগুড়ি : ৯৬৭৪০৮৭৪৭৩, কালিম্পং : ৯৮৩০২৭৭১৭১, মালদা : ৯৬৭৪০৮৭৪৭২, বহরমপুর : ৯৬৭৪০৮৭৪৭১, কৃষ্ণনগর : ৯৬৭৪০৮৭৪৭০, রানাঘাট : ৯৬৭৪০৮৩৫০৮, কল্যাণী : ৯৬৭৪০৮৭৪৬৯, ব্যারাকপুর : ৯২৩০০৫৬৬৬৮, ডানলপ : ৯২৩০০৫৬৬৭৩, বারাসাত : ৯৬৭৪০৮৭৪৬৭, কোন্নগর : ৯২৩০০৫৬৬৬৭, সোনারপুর : ৯৬৭৪০৮৭৪৬৬, পশ্চিম মেদিনীপুর : ৯২৩০০৫৬৬৭১, ঝাড়গ্রাম : ৯৬৭৪০৮৭৮৭৪, বর্ধমান : ৯৬৭৪০২৫৭০০, বোলপুর : ৯৬৭৪০১২০২৫, ব্যান্ডেল : ৯২৩০০৫৬৬৬৯, কাটোয়া : ৯৮৩০২৭৭২৩০।

গত বছরের মতো এ বছরেও
১) WBCS প্রিলিমিনারি-২০২২
২) রেলের NTPC স্টেজ-II, গ্রুপ-ডি
২) রাজ্য পুলিশের SI পদের পরীক্ষায়
স্টাডি মেটেরিয়াল পেতে
যোগাযোগ করুন নিচের নম্বরে।
এছাড়াও পাবেন রাজ্য পুলিশের কনস্টেবল, WBCS Main, MTS, CHSL, CGL সহ সব ধরনের পরীক্ষার স্টাডি মেটেরিয়াল
যোগাযোগ করুন : 9830624170

# সাধারণ জ্ঞান

## সাধারণ বিজ্ঞান

১। মানবদেহে 'জেরোফথ্যালমিয়া' হয় কোন ভিটামিনের অভাবে — ভিটামিন 'এ'।

২। 'গোনাডোট্রপিক' হরমোন কোন গ্রন্থি থেকে ক্ষরিত হয় — পিটুইটারি।

৩। 'কাঁচি' কোন শ্রেণির লিভার — প্রথম।

৪। পটাশিয়াম নাইট্রেট কোন শিল্পক্ষেত্রে প্রচুর পরিমাণে ব্যবহৃত হয় — আতশবাজি শিল্প।


৫। মানবদেহের বৃহত্তম জয়েন্ট কোনটি — হাঁটু।

৬। মানবদেহের কোন অংশে গ্লাইকোজেন সঞ্চিত থাকে — লিভার।

৭। ব্যবহৃত রান্নার গ্যাস লিক করলে যে গন্ধটি পাওয়া যায়, সেটি কোন রাসায়নিকের গন্ধ — ইথাইল মার্কেপটন।

৮। 'ডাইন-সেকেন্ড' কোন রাশির একক — ভরবেগ।

৯। 'নাইট্রোজেন' কে আবিষ্কার করেন



— স্কটিশ পদার্থবিদ ড্যানিয়েল রাদারফোর্ড (১৭৭২ সালে)।

## ইতিহাস

১০। বাংলায় প্রথম মুদ্রণখানা কোথায় স্থাপিত হয়েছিল — হুগলি।

১১। দিল্লির কোন মনুমেন্ট থেকে ১৮৫৭ সালে ব্রিটিশ সেনারা বাহাদুর শাহ জাফরকে গ্রেফতার করেন — হুমায়ুনের কবর।

১২। ঔরঙ্গজেব তাঁর বাবাকে কোথায় ঘরবন্দি করে রেখেছিলেন — আগ্রা ফোর্ট।

১৩। অশোকের কোন শিলালিপি থেকে তাঁর ধর্মীয় সহনশীলতা সম্পর্কে জানা যায় — ১২।

১৪। গৌতম বুদ্ধ সবথেকে বেশি ধর্মোপদেশ দিয়েছিলেন কোন স্থানে — শ্রাবস্তী।


১৫। রুদ্রদমনের 'জুনাগড় শিলালিপি' কোন ভাষায় লেখা — সংস্কৃত।

১৬। কে যুদ্ধক্ষেত্রে 'রুমি' কৌশল ব্যবহার করেছিলেন — বাবর।

১৭। সেলিম চিস্তির দরগা কোথায় আছে — ফতেপুর সিক্রি।

১৮। পাল বংশ কোথায় রাজত্ব করেছিল — বিহার।

১৯। সেতারের জনক কাকে বলা হয় —



আমির খসরু।

## ভূগোল

২০। 'পান' পশ্চিমবঙ্গের কোন জেলার একটি গুরুত্বপূর্ণ বাণিজ্যিক উৎপাদন — মেদিনীপুর।

২১। মার্বেল কোন ধরনের শিলা — রূপান্তরিত।

২২। 'কপিলধারা' জলপ্রপাত কোন নদীর ওপর অবস্থিত — নর্মদা।

২৩। 'সিঙ্গুর' বাঁধ ভারতের কোন রাজ্যে অবস্থিত — তেলেঙ্গানা।

২৪। 'রাসলীলা' ভারতের কোন রাজ্যের লোকনৃত্য — উত্তর প্রদেশ।

২৫। 'মালাবার উপকূল'এর উপহ্রদগুলিকে স্থানীয় অধিবাসীরা কী বলে — কয়াল।

২৬। 'মালনাদ' কথাটির অর্থ কী — পাহাড়ি দেশ।

২৭। 'টিপাইমুখ বাঁধ' ভারতের কোন রাজ্যে অবস্থিত — মণিপুর।

২৮। কোন নদী মুর্শিদাবাদ জেলাকে দু'ভাগে ভাগ করেছে — ভাগীরথী।

২৯। কোন নদী উপত্যকা কফি চাষের জন্য বিখ্যাত — কাবেরী।

## সাম্প্রতিক ঘটনা

৩০। কোথায় সম্প্রতি ভারতের প্রথম 'অমৃত সরোবর' তৈরি হল — উত্তর প্রদেশের রামপুরের গ্রাম পঞ্চায়েত পাটওয়াইতে।

৩১। কোন দেশ সম্প্রতি ৭৮,০০০ জাতীয় পতাকা নাড়িয়ে বিশ্বরেকর্ড গড়ল — ভারত (এর ফলে পাক-ই-স্তানের ১৮ বছরের পুরনো রেকর্ড ভাঙল। ২০০৪ সালে লাহোরে এক অনুষ্ঠানে ৫৬,০০০ পাক-ই-স্তানি একসঙ্গে জাতীয় পতাকা নাড়িয়ে রেকর্ড গড়েন)।

৩২। স্লোভেনিয়ার প্রধানমন্ত্রী হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — রবার্ট গোলব।

৩৩। 'টাটা ডিজিটাল'এর চেয়ারম্যান হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — নটরাজন চন্দ্রশেখরন।

৩৪। কে সম্প্রতি যুক্তরাজ্যের 'কমনওয়েলথ পয়েন্টস অফ লাইট পুরস্কার'এর জন্য মনোনীত হলেন — বাংলাদেশের শিক্ষামূলক সংস্থা 'বিদ্যানন্দ'এর প্রতিষ্ঠাতা কিশোর কুমার দাস (আর্থিক দিক থেকে পিছিয়ে পড়া শিশুদের শিক্ষার সুযোগের উন্নতিতে অসামান্য কাজ করার জন্য এই পুরস্কার পাচ্ছেন তিনি)।

৩৫। ভারতের প্রথম কার্বন-নিরপেক্ষ পঞ্চায়েত কোনটি — জম্মু ও কাশ্মীরের সাম্বা জেলার 'পাল্লী' গ্রাম।

৩৬। সম্প্রতি বিশ্বের সবথেকে বয়স্ক মানুষ কেন তানাকা (১১৯ বছর ১০৭ দিন) মারা গেলেন। তিনি কোন দেশের বাসিন্দা ছিলেন — জাপান।

৩৭। মার্কিনি ফার্মাসিউটিক্যাল কোম্পানি 'ফাইজার' সম্প্রতি কোথায় 'গ্লোবাল ড্রাগ ডেভেলপমেন্ট সেন্টার'এর উদ্বোধন করল — তামিলনাড়ুর চেন্নাই শহরে, আইআইটি মাদ্রাজ রিসার্চ পার্ক ক্যাম্পাসে।

৩৮। ভারতের কোন রাজ্যে সম্প্রতি 'শিগেলা ব্যাকটেরিয়া'র কেস রিপোর্ট করা হয়েছে — কেরালা।

৩৯। ২০২২ সালে কে 'ওয়াঙ্গারি মাথাই ফরেস্ট চ্যাম্পিয়ন পুরস্কার' পেলেন — ক্যামেরুনের সেসিলে নডজেবেট (বন সংরক্ষণ ও বনের ওপর নির্ভরশীল মানুষের জীবনযাত্রার উন্নতিতে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি)।

৪০। সাম্প্রতিক এক রিপোর্ট অনুযায়ী, ২০২১ সালে এশিয়ার দেশগুলির মধ্যে কোন দেশে চিকিৎসা ক্ষেত্রে মুদ্রাস্ফীতির হার সবথেকে বেশি — ভারতে (১৪%)।

৪১। কে সম্প্রতি 'জাতীয় চলচ্চিত্র ঐতিহ্য মিশন'এর অধীনে, বিশ্বের বৃহত্তম চলচ্চিত্র পুনরুদ্ধার প্রকল্প চালু করলেন — কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর।

৪২। রাজস্থানের বারমের জেলার বালোত্রা এলাকার 'মিঞা কা বাদা' রেলওয়ে স্টেশনের নাম বদল করে নতুন নাম কী রাখা হয়েছে — মহেশ নগর হল্ট।

৪৩। ফ্রান্সের প্রেসিডেন্ট এখন কে —



এমানুয়েল ম্যাক্রোন।

৪৪। ২০২২ সালে 'ওয়ার্ল্ড প্রেস ফ্রিডম ইনডেক্স'এ ভারতের স্থান কত — ১৫০।

৪৫। 'ফেডারেল রিজার্ভ ব্যাঙ্ক অফ নিউ ইয়র্ক'এর পরিচালনা পর্ষদে সম্প্রতি কে নির্বাচিত হলেন — অরবিন্দ কৃষ্ণ।

**সঙ্কলক :** পলি দেওয়ান

## কলকাতা পুলিশে ১,৬৬৬ কনস্টেবল

১ পাতার পর

ছাড় পাবেন। তবে সিভিক ভলান্টিয়ারা বয়সে ছাড় পাবেন না। অন্য রাজ্যের তপশিলী আর ও.বি.সি. সার্টিফিকেটধারীরা বয়সে কোনো ছাড় পাবেন না ও তাঁদের বেলায় 'সাধারণ প্রার্থী' হিসাবে দরখাস্ত করতে হবে। কলকাতা পুলিশের হোম গার্ড ও সিভিক ভলান্টিয়াররা ৩ বছর চাকরি করে থাকলে তবেই এই ক্যাটেগরির সুযোগ পাবেন। সেক্ষেত্রে তাঁদের বেলায় চাকরির ৩ বছর হিসাব করা হবে ১-১-২০২২'এর হিসাবে।

ছেলেদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৭ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৮ সেমি ও ফুলিয়ে ৮৩ সেমি। ওজন হতে হবে অন্তত ৫৭ কেজি। গোর্খা, গাড়োয়ালিস, রাজবংশী ও তপশিলী উপজাতিদের বেলায় লম্বায় অন্তত ১৬০ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৬ সেমি ও ফুলিয়ে ৮১ সেমি আর ওজন থাকতে হবে অন্তত ৫৩ কেজি।

মেয়েদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬০ সেমি। ওজন হতে হবে অন্তত ৪৯ কেজি। গোর্খা, গাড়োয়ালিস, রাজবংশী ও তপশিলী উপজাতিদের বেলায় লম্বায় অন্তত ১৫২ সেমি আর ওজন থাকতে হবে অন্তত ৪৫ কেজি। মূল মাইনে : ২২,৭০০-৫৮,৫০০ টাকা। শূন্যপদ ১,৬৬৬টি। এর মধ্যে ছেলেদের জন্য ১,৪১০টি (জেনাঃ ২৮৩, জেনাঃ ই.সি. ৮৭, জেনাঃ হোম গার্ড ৯৪, জেনাঃ সিভিক ভলান্টিয়ার ৫৯, জেনাঃ খেলোয়াড় ২৩, তঃউঃজাঃ ৭৬, তঃউঃজাঃ ই.সি. ৫৯, তঃউঃজাঃ হোম গার্ড ৩৮, তঃউঃজাঃ সিভিল ভলান্টিয়ার ৩৮, তঃজাঃ ২১৬, তঃজাঃ ই.সি. ১৩০, তঃজাঃ হোম গার্ড ৬৬, তঃজাঃ সিভিক ভলান্টিয়ার ৪৪, ও.বি.সি. -এ ক্যাটেগরি ৫১, ও.বি.সি.-এ ক্যাটেগরি ই.সি. ৩৫, ও.বি.সি. -এ ক্যাটেগরি হোম গার্ড ২৬, ও.বি.সি. - এ ক্যাটেগরি সিভিক ভলান্টিয়ার ১২, ও.বি.সি.-বি ক্যাটেগরি ৩৩, ও.বি.সি. - বি ক্যাটেগরি ই.সি. ১৭, ও.বি.সি. - বি ক্যাটেগরি (হোম গার্ড ) ১২, ও.বি.সি. - বি ক্যাটেগরি সিভিক ভলান্টিয়ার ১১।

মেয়েদের জন্য ২৫৬টি (জেনাঃ ৮৩, জেনাঃ ই.সি. ৩৭, জেনাঃ হোম গার্ড ২৭, জেনাঃ সিভিক ভলান্টিয়ার ১৮, জেনাঃ খেলোয়াড় ৭, তঃউঃজাঃ ৫, তঃউঃজাঃ ই.সি. ২, তঃউঃজাঃ হোম গার্ড ২, তঃউঃজাঃ সিভিল ভলান্টিয়ার ২, তঃজাঃ ১৯, তঃজাঃ ই.সি. ৫, তঃজাঃ হোম গার্ড ৬, তঃজাঃ সিভিক ভলান্টিয়ার ৪, ও.বি.সি. -এ ক্যাটেগরি ১২, ও.বি.সি.-এ ক্যাটেগরি ই.সি. ৮, ও.বি.সি. -এ ক্যাটেগরি হোম গার্ড ৫, ও.বি.সি. - এ ক্যাটেগরি সিভিক ভলান্টিয়ার ২, ও.বি.সি.-বি ক্যাটেগরি ৫, ও.বি.সি. - বি ক্যাটেগরি ই.সি. ৩, ও.বি.সি. - বি ক্যাটেগরি (হোম গার্ড ) ২, ও.বি.সি. - বি ক্যাটেগরি সিভিক ভলান্টিয়ার ২।

এরপর ৯ পাতায়

## ইন্ডিয়ান ব্যাঙ্কে ১৫০

১ পাতার পর

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। এই পরীক্ষায় ৮০ নম্বরের ৮০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ২০ নম্বরের ২০টি প্রশ্ন, (২) জেনারেল অ্যাওয়ারনেস -২০ নম্বরের ২০টি প্রশ্ন, (৩) পেশাগত জ্ঞান- ৬০ নম্বরের ৬০টি প্রশ্ন। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। সাধারণ প্রার্থীরা ৪০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৩৫%) নম্বর পেলে সফল হবেন। পরীক্ষা হবে গ্রেটার কলকাতা, শিলিগুড়ি, গ্যাংটক, আগরতলা, ভুবনেশ্বর, রাঁচি, পটনা, শিলং ও গুয়াহাটিতে। এরপর হবে ১০০ নম্বরের ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৪ জুন পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.indianbank.in অনলাইনে দরখাস্ত করার সময় বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো (২০-৫০ কেবির মধ্যে) ও সিগনেচার (১০-২০ কেবির মধ্যে) স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৮৫০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ১৭৫) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য ওই ওয়েবসাইটে পাবেন।

## স্টাইপেন্ড দিয়ে অ্যাপ্রেন্টিস ট্রেনিং

১ পাতার পর

ছেলেমেয়েরা কোর্স শেষ করার পরই সরাসরি চাকরিতে যোগ দিতে পারছে না। কোর্স শেষ করার পর সংশ্লিষ্ট বিষয়ে দক্ষতা অর্জনের জন্য অ্যাপ্রেন্টিস ট্রেনিং করা বাধ্যতামূলক হতে চলেছে। মন্ত্রিসভায় অনুমোদিত হয়েছে, ন্যাশনাল অ্যাপ্রেন্টিস ট্রেনিং স্কিল বা, NATS-এর অধীনে ২০২১-'২২ থেকে ২০২৫-'২৬ বছর পর্যন্ত ৩,০৫৪ কোটি টাকার স্টাইপেন্ডিয়ারি সাপোর্ট দেওয়া হবে। এজন্য ১৯৬১ সালের অ্যাপ্রেন্টিস আইনে রদবদল করা হয়েছে। নতুন নিয়মানুযায়ী 'ন্যাশনাল অ্যাপ্রেন্টিস ট্রেনিং স্কিম বা, NATS জানিয়েছে, চাকরির বাজারে স্নাতক ছেলেমেয়েদের গ্রহণযোগ্যতা বাড়াতে নন-ইঞ্জিনিয়ারিং (বি.এ., বি.কম., বি.এসসি.) গ্র্যাজুয়েটরাও ইঞ্জিনিয়ারদের মতো বিভিন্ন ইন্ডাস্ট্রি বা, প্রতিষ্ঠানে প্রশিক্ষণের সুযোগ পাবেন। এজন্য NATS'এর উদ্যোগে নিজেদের বিষয়ের ওপর ১ বছরের প্রশিক্ষণ দেওয়া হবে। 'ট্রেনি' হিসাবে তাঁরা ট্রেনিং করতে পারবেন। ১ বছরের ট্রেনিং। ট্রেনিং চলার সময় স্টাইপেন্ড পাবেন মাসে ৯,০০০ টাকা। ট্রেনিং শেষে কেন্দ্রীয় সরকারের দেওয়া সার্টিফিকেট পাবেন। যে সার্টিফিকেট রাজ্য-কেন্দ্রীয় সরকার কিংবা যে কোনো ইন্ডাস্ট্রিতে চাকরির জন্য ১ বছর কাজের অভিজ্ঞতার সমতুল যোগ্যতা হিসাবে গণ্য হবে। সরকারের উদ্দেশ্য হল, বিভিন্ন শিল্প সংস্থা বা, বাণিজ্যিক সংগঠনসমূহের মাধ্যমে প্রতি বছর প্রায় ৩ লাখ অ্যাপ্রেন্টিসকে এই প্রশিক্ষণ দিয়ে প্রশিক্ষিত করা।

অ্যাপ্রেন্টিস ট্রেনিং সংক্রান্ত যাবতীয় কাজকর্ম দেখভালের দায়িত্বে আছে কেন্দ্রীয় সরকারের শিক্ষা মন্ত্রকের অধীন সংস্থা 'বোর্ড অফ প্র্যাক্টিক্যাল ট্রেনিং (BOPT)'-এর পূর্বাঞ্চলের শাখা। পূর্ব ও উত্তর-পূর্ব ভারতের মোট ১৩টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের কর্মপ্রার্থী পড়ুয়ারা এই চাকরি অভিমুখী প্রশিক্ষণপর্ব ও কর্মসূচীগুলি বোর্ড অফ প্র্যাক্টিক্যাল ট্রেনিংয়ের পূর্বাঞ্চলীয় শাখা থেকে পাবেন। আগ্রহী প্রার্থীরা এই অ্যাপ্রেন্টিস ট্রেনিংয়ের জন্য সরাসরি নাম নথিভুক্ত করতে পারবেন এই ওয়েবসাইটে : www.bopter.gov.in, www.mhrdnats.gov.in উত্তর-পূর্বাঞ্চলের প্রার্থীরা সরাসরি যোগাযোগ করতে পারবেন : মনোজিত ঘোষ, ই-মেল আই.ডি. : osdne@bopter.gov.in

## আই.সি.ডি.এস সুপারভাইজর পদের

১ পাতার পর

করেছিল (যার নং UO No. CAB (D)-1282 date 22.02.2019 (i)). এর মধ্যে ২,৯৫৪টি শূন্যপদের জন্য পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন সরাসরি বিজ্ঞপ্তি দিয়ে দরখাস্ত নিয়েছিল ২০১৯ সালের মার্চ মাসে। প্রথমে ১০০ নম্বরের প্রিলিমিনারি পরীক্ষা নেওয়া হয়েছিল। তারপর ৪০০ নম্বরের মেন পরীক্ষা নেওয়া হয়। এরপর হবে ৫০ নম্বরের ইন্টারভিউ। এই পদে মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৬০০ টাকা। শূন্যপদ : ২,৯৫৪টি (জেনাঃ ১৪৭৫, তঃজাঃ ৬৫০, তঃউঃজাঃ ১৭৮, ও.বি.সি. -এ ক্যাটেগরি ২৯৬, ও.বি.সি. বি ক্যাটেগরি ২০৭, প্রতিবন্ধী ৮৯, মেধাবী খেলোয়াড় ৫৯)। এর আগে এই পদে ডিরেক্টরেট অফ সোশ্যাল ওয়েলফেয়ারের মাধ্যমে নিয়োগ হয়েছিল ২০১১ সালে। অঙ্গনওয়াড়ি কর্মী ও কেস কর্মীদের থেকে প্রোমোশন ভিত্তিতে বাকি ৪২২টি শূন্যপদ পূরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থী বাছাই পরীক্ষা নিয়েছিল পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন।

পি.এস.সি. কর্তৃপক্ষ ইন্টারভিউয়ের তারিখ ঘোষণা করায় চাকরি প্রার্থীরা ভীষণ খুশি। শুধুমাত্র মহিলা প্রার্থীদের জন্য ৩ বছর পর প্রায় ৩ হাজার শূন্যপদ পূরণ হবে, এটা চাকরি প্রার্থীদের কাছে সুখবর। সাধারণত গ্রাম ও প্রত্যন্ত এলাকায় নারী ও শিশুদের পুষ্টি, সুস্বাস্থ্যের দিকে খেয়াল রাখাই হল এই পদের মূল কাজ।

Admission চলছে
সরকারি চাকরি হয়!
ইংরাজি ও হিন্দি উভয় ভাষায় পড়ানো হয়
শুধু যোগ্যতায় নয়, চাই কঠোর পরিশ্রম এবং সঠিক গাইডেন্স
কেন্দ্রীয় আট বাহিনী ও রাজ্য পুলিশে
চাকরী পাওয়ার বিশ্বস্ত প্রতিষ্ঠান
BSF, CRPF, CISF, SSB, ITBP, AR, NIA, SSF, ARMY, RPF, WBP & KP
নিউ জেনারেশন কোচিং সেন্টার
Govt. Regd. No- L- 75797, An ISO 9001:2015 Certified
গঙ্গারামপুর ব্রাঞ্চ — হাইস্কুল রোড, (ফায়ার ব্রিগেডের বিপরীতে), দক্ষিণ দিনাজপুর — ফোন : 9073360106
রায়গঞ্জ ব্রাঞ্চ — BBD মোড়, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর — ফোন : 9051149723
ইসলামপুর ব্রাঞ্চ — ইসলামপুর হাইস্কুল মোড়, কে. পি. সাউন্ডের পাশে, উঃদিঃ — ফোন : 8391084168
মালদা ব্রাঞ্চ — ফোন : 7407945419
সমস্ত ব্রাঞ্চে হেড অফিসের অভিজ্ঞ শিক্ষকগণ পড়াবেন। সমস্ত ব্রাঞ্চে 1 জুলাই থেকে ক্লাস শুরু
হেড অফিস- দেবীপুর, পোঃ চাঁদপাড়া, থানা- গাইঘাটা, উত্তর ২৪ পরগনা 9836306785

## কলকাতা পুলিশে ১,৬৬৬ কনস্টেবল

৯ পাতার পর

ও ডাক্তারি পরীক্ষা। ডাক্তারি পরীক্ষা হবে রাজ্য সরকারের নির্বাচিত কয়েকটি হাসপাতালে। পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দফতর থেকে বুকের এক্স-রে ও শরীরের অন্যান্য পরীক্ষা করা হবে। মনোনীত হলে পুলিশ ট্রেনিং স্কুলে ট্রেনিংয়ের জন্য পাঠানো হবে। ই-অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন। হোম গার্ড ও সিভিক ভলান্টিয়ারদের বেলায় ইন্টারভিউয়ের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দেওয়া এনরোলমেন্ট সার্টিফিকেট দিতে হবে।

দরখাস্ত করবেন অনলাইনে বা, অফলাইনে, ২৯ মে থেকে ২৭ জুনের মধ্যে। অনলাইনে দরখাস্ত করবেন এই ওয়েবসাইটে : https://prb.wb.gov.in, www.wbpolice.gov.in, www.kolkatapolice.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো (১০-৫০ কে.বি.'র মধ্যে) ও সিগনেচার (৫-২০ কে.বি.'র মধ্যে) স্ক্যান করে নেবেন। ফটোর মাপ হতে হবে ৪.৫×৩.৫ সেমি আর সিগনেচার ১.৭×৯.২ সে.মি'র মধ্যে। ফটোর বাকগ্রাউন্ড সাদা হতে হবে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ ১৭০ (তপশিলী হলে ২০) টাকা নেট ব্যাঙ্কিং / ডেবিট কার্ড / ক্রেডিট কার্ডের মাধ্যমে জমা দেবেন। এজন্য সার্ভিস চার্জ বাবদ অতিরিক্ত ৫ টাকা দিতে হবে। এরপর স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করে নেবেন। অনলাইনে দরখাস্ত করার পর রেজিস্ট্রেশন নম্বর-সহ রিসিপ্ট তৈরি হয়ে যাবে ও সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। তাতে যে রেজিস্ট্রেশন নম্বর থাকবে তা যত্ন করে রেখে দিতে হবে।

এছাড়াও সহজ মিত্র কেন্দ্রের মাধ্যমে দরখাস্ত করতে পারবেন। গ্রাম পঞ্চায়েত এলাকায় কোথায় কোথায় সহজ মিত্র কেন্দ্র আছে তা ওয়েবসাইটে জানতে পারবেন। এজন্য সহজ মিত্র কেন্দ্রের কর্মীকে অতিরিক্ত ২৩ টাকা দিতে হবে। সহজ মিত্র কেন্দ্রের মাধ্যমে ফর্ম পূরণ করতে কোনো অসুবিধা হলে সরাসরি ফোন করুন এই নম্বরে : (০৩৩)-২৩২১৪২০০, হেল্প লাইন - ১৮০০৪১৯০২৫০। ফর্ম পূরণ করতে কোনো অসুবিধা হলে ফোন করুন এই নম্বরে : ৭০৪৪১০৮৬৮৯, ৭০৪৪১০৯৩৪৬। ই-মেল : wbprbonline@applythrunet.co.in

ফর্ম পূরণ করার পর কোনো ভুল হয়ে থাকলে তা সংশোধন করতে পারবেন ১ জুলাই থেকে ৭ জুলাইয়ের মধ্যে।

## বি.এস.এফ'এ ২৮১ হেড কনস্টেবল

১ পাতার পর

কনস্টেবল (ইঞ্জিন ড্রাইভার)', 'হেড কনস্টেবল (ওয়ার্কশপ)', 'সাব-ইন্সপেক্টর (ইঞ্জিন ড্রাইভার)' ও 'কনস্টেবল (ক্রু)' পদে ২৮১ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**হেড কনস্টেবল (মাস্টার)** : মাধ্যমিক পাশ ছেলেরা সেরাঙ্গ ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২০ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ : ৫২টি (জেনাঃ ২৮, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ১২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৭)।

**হেড কনস্টেবল (ওয়ার্কশপ)**: মাধ্যমিক পাশ ছেলেরা পলিটেকনিক বা আই.টি.আই. থেকে মোটর মেকানিক (ডিজেল /পেট্রোল ইঞ্জিন), মেশিনিস্ট / কার্পেন্টার /ইলেক্ট্রিশিয়ান / এয়ার কন্ডিশনার টেকনিশিয়ান / ইলেক্ট্রনিক্স / প্লাম্বিং ট্রেডের ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। বয়স ও মাইনে ওপরের মতো। শূন্যপদ : মেকানিক (ডিজেল /পেট্রোল ইঞ্জিন) ১০টি (জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২)। ইলেক্ট্রিশিয়ান ২টি (জেনাঃ ১, ই.ডব্লু.এস. ১)। এ.সি. টেকনিশিয়ান ১টি (জেনাঃ)। ইলেক্ট্রনিক্স ১টি (জেনাঃ)। মেশিনিস্ট ১টি (জেনাঃ)। কার্পেন্টার ২টি (জেনাঃ)। প্লাম্বার ২টি (জেনাঃ)।

**সাব-ইন্সপেক্টর (মাস্টার)** : যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা কেন্দ্রীয় বা, রাজ্য ইনল্যান্ড ওয়াটার ট্রান্সপোর্ট অথরিটি বা, মার্চেন্টাইল মেরিন বিভাগ থেকে দ্বিতীয় শ্রেণির মাস্টার সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২২ থেকে ২৮ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। শূন্যপদ : ৮টি (জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১, তঃউঃজাঃ১)।

**সাব-ইন্সপেক্টর (ইঞ্জিন ড্রাইভার)** : যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা কেন্দ্রীয় বা, রাজ্য ইনল্যান্ড ওয়াটার ট্রান্সপোর্ট অথরিটি বা, মার্চেন্টাইল মেরিন বিভাগ থেকে প্রথম শ্রেণির ইঞ্জিন ড্রাইভার সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বয়স ও মাইনে ওপরের মতো। শূন্যপদ : ৬টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)।

**হেড কনস্টেবল (ইঞ্জিন ড্রাইভার)** : মাধ্যমিক পাশ ছেলেরা ইঞ্জিন ড্রাইভারের দ্বিতীয় শ্রেণির সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২০ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ : ৬৪টি (জেনাঃ ৩২, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ১৮, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৬)।

**সাব-ইন্সপেক্টর (ওয়ার্কশপ)** : মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। মেকানিক্যাল, মেরিন বা, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ২০ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ)।

**কনস্টেবল (ক্রু)** : মাধ্যমিক পাশরা ২৬৫ হর্স পাওয়ারের নিচে ক্ষমতাসম্পন্ন নৌকা চালনায় ১ বছরের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। সাঁতার জানতে হবে ও সাঁতারের সার্টিফিকেট থাকতে হবে। বয়স হতে হবে ২০ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ২১,৭০০-৬৯,১০০ টাকা। শূন্যপদ : ১৩০টি (জেনাঃ ৯২, ই.ডব্লু.এস. ৫, ও.বি.সি. ১৯, তঃজাঃ ১৪)।

সব পদের বেলায় বয়স গুণতে হবে ২৭-৬-২০২২'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৫ সেমি। বুকের ছাতি না-ফুলিয়ে ৭৫ সেমি আর ফুলিয়ে ৮০ সেমি আর ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। তপশিলী উপজাতি/ আদিবাসী প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি আর বুকের ছাতিতে ২ সেমি ছাড় পাবেন। দৃষ্টিশক্তি দরকার দূরের বেলায় প্রতি চোখে ৬/৬ ও ৬/৯। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, রাতকানা বা, শারীরিক কোনো ত্রুটি থাকলে যোগ্য নন।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা, শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা, ট্রেড টেস্ট, ইন্টারভিউ ও ডাক্তারি পরীক্ষার মাধ্যমে। প্রথমে ২ ঘন্টার লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (১) ৮ মিনিটে ১ মাইল দৌড়, (২) ১১ ফুট লং জাম্প (৩ সুযোগে)। (৩) সাড়ে ৩ ফুট হাই জাম্প। এরপর ট্রেড টেস্ট ও ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৭ জুনের মধ্যে। এই ওয়েবসাইটে : https://rectt.bsf.gov.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ সাব-ইন্সপেক্টর (মাস্টার, ইঞ্জিন ড্রাইভার, ওয়ার্কশপ) পদের বেলায় ২০০ টাকা আর অন্যান্য পদের বেলায় ১০০ টাকা অনলাইনে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, নেট ব্যাঙ্কিং, ইউ.পি.আই বা, ওয়ালেটে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। তপশিলী, প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।


তাহেরপুর কবিতা কুটির আশ্রমিক ইনস্টিটিউট

৮০জি ধারায় আয়কর মুক্ত শিক্ষা প্রতিষ্ঠান।

তাহেরপুর, নদীয়া

প্রতিষ্ঠাতা আচার্য ভবদেব (প্রাক্তন সিভিল সার্ভেন্ট), প্রবাদ প্রতিম অফিসার-কাম প্রফেসর



মাধ্যমিক যোগ্যতায়

কলকাতা পুলিশে ১৬৬৬ পুরুষ ও মহিলা কনস্টেবল

সফল হওয়ার জন্য এখন থেকেই প্রস্তুতি নেওয়া জরুরি। ভর্তির জন্য ও বিস্তারিত জানতে এখনই নিচের নম্বরে যোগাযোগ করুন।

WBCS

WBCS অফিসার হতে চাইলে এখনই ভর্তির জন্য যোগাযোগ করুন রাজ্যের সবচেয়ে পুরনো এই আশ্রমিক ইনস্টিটিউটে। কবিতা কুটির থেকে WBCS পাশ করে প্রচুর ছেলেমেয়ে আজ নবান্ন-সহ পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় এক্সিকিউটিভ ও অফিসার পদে কর্মরত। আপনি নিজেকে একজন অফিসার হিসাবে দেখতে চাইলে এখনই ভর্তি হোন।

স্কুল সার্ভিস 'TET' ও নানান বিষয়-সহ BANK ও Combined কোর্সে ভর্তি চলছে

অভিজ্ঞ ট্রেনার দ্বারা মাঠ পরীক্ষার ট্রেনিং দেওয়া হয়

য কোনো পরীক্ষার ইন্টারভিউতে নিশ্চিত সাফল্য পেতে এখানকার মক ইন্টারভিউতে ভর্তি হোন।

আচার্যদেবের পিতৃদেব ও মাতৃদেবীর জন্মমাস উপলক্ষ্যে মে ও জুন মাসে ভর্তি ফীতে বিশেষ ছাড় দেওয়া হচ্ছে।

আমাদের দেখুন

ইউ টিউব ফেসবুক, ট্যুইটার, ইনস্টাগ্রাম, টেলিগ্রাম

kabita kutir Ashramic Institute-Achariya Bhabadeb

www.kabitakutir.org

আশ্রমিক কার্যালয় — তাহেরপুর (নদিয়া) : 9474764885

8536920172, 7029463383, 9734155542

তপশিলী জাতি, উপজাতি, ও.বি.সি আর সংখ্যালঘুদের ভর্তিতে বিশেষ ছাড়

# GIMS GLOBAL INSTITUTE OF MANAGEMENT STUDIES

## Registered with MSME (Govt. of India)

**আর্থিকভাবে দুর্বল student দের নিজের রোজগারে ভবিষ্যত গড়ে তোলার সুবর্ণ সুযোগ**

**কোর্স চলাকালীন জার্মানিতে ইনটার্নশিপ করার সুযোগ!!**

**Admission Open for 2022**

**HOTEL MANAGEMENT** courses approved by **NATIONAL CENTRE FOR VOCATIONAL AND TECHNICAL EDUCATION (NCVTE)** (Reg. No. WB/NCVTE/N1047456)

২ বছর / ১ বছর / ৬ মাসের **হোটেল ম্যানেজমেন্ট** কোর্স পড়ানো হয়

**বিনা সুদে ব্যাঙ্ক লোনের সুবিধা ৫ দিনের মধ্যে**



**আমাদের বৈশিষ্ট্য :**

- এখানে কোর্স চলাকালীন 10,000 থেকে 12,000 টাকা পর্যন্ত স্টাইপেন্ড পাওয়া যায়।
- কোর্স Fees এর পুরোটাই ব্যাঙ্ক লোনের সুবিধা আছে।
- সমস্ত কোর্সের জন্য ব্যাঙ্ক লোন প্রদান করা হয়।
- কোনো Guarantor এবং Income Proof ছাড়া ব্যাঙ্ক লোন পাওয়া যাবে 5 দিনের মধ্যে।
- Loan নিয়ে কোর্স করলে 10% স্কলারশিপের সুবিধা (till 10th June, 2022)।
- Loan এর প্রথম কিস্তি Institution এর তরফ থেকে প্রদান করা হবে।

**Our Domestic Placement Partner**

ITC, Marriott, Hyatt, Navotel, Sayaji, etc.

**Our International Placement Assistance**

German, U.K., Poland, Abudhabi, Dubai, Qatar etc.

**Our Few Students**



Santanu Samanta .NOVOTEL HYDERABAD | Nasir Hassan MR BEKAR KUWAIT | Sunanda Sarkar GRAND HYATT GOA | Rabius Saini THE DIPLOMATIC CLUB- QATAR | Azmat Hossain ITC KAKATIYA HYDERABAD | Sutapa Sarkar GRAND HYATT GOA | Somnath Patra MALAYSIA | Alemul Haque RETAJ SALWA RESORTS AND SPA- QATAR | Badsha Mondal NATIONAL HOTEL- ABUDHABI | Barun Roy HEN and CHICKEN PUB & RESTAURANT-U.K. | Shaon Das ITC ROYAL KOLKATA | Jahangir THE DIPLOMATIC CLUB- QATAR | Jasdeep Kaur POLAND | Ajgar Ali Shikh MR BEKAR KUWAIT

**Campus : Lokenath Park, near Chinar Park (Atghara), Behind Aminia Restaurant, Kol- 700157**

**Call : 9836243555, 8420116843, 8274056100**

**Land line : 033 4804 2616 | www.gimsglobal.co.in**

## রাজ্য পুলিশে ২,০২০

১ পাতার পর

এছাড়াও ১৫০টি মহিলা ব্যাটেলিয়ন তৈরির পরিকল্পনা আছে। প্রতি ব্যাটেলিয়নে ৩০ জন করে মহিলা পুলিশ থাকবে। আগামী দিনে আরো মহিলা পুলিশ নেওয়ার পরিকল্পনা রয়েছে রাজ্য সরকারের।

## রেলে ৩,৬১২ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

ট্রেডে আই.টি.আই. কোর্স পাশ না হলে আবেদন করবেন না। বয়স হতে হবে ২৭-৬-২০২২'এর হিসাবে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। সব ট্রেডই ১ বছরের। কোন ডিভিশনে ক'টি শূন্যপদ :

